**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**7 NOVEMBER 2024** **7:35 AM IST**

================================================================

কেন্দ্রীয় সরকার মেধাবী শিক্ষার্থীদের আর্থিক সাহায্য প্রদানের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী বিদ্যালক্ষ্মী প্রকল্পে অনুমোদন জানিয়েছে । নতুন দিল্লিতে আজ ক্যাবিনেট বৈঠকে নেওয়া এই সংক্রান্ত সিদ্ধান্তের বিষয়ে সাংবাদিকদের জানিয়ে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণৈ বলেন যে- শিক্ষার্থীরা উচ্চশিক্ষা লাভের জন্য অতিরিক্ত বন্ধক ছাড়া ঋণ লাভ করতে পারবে । তিনি বলেন যে- আর্থিক অন্তরায় যাতে দেশের যুব প্রজন্মকে গুণগত মান সম্পন্ন উচ্চশিক্ষা আহরণের ক্ষেত্রে বাধা প্রদান করতে না পারে, তারজন্যেই এই প্রকল্প চালু করা হয়েছে । এই প্রকল্প অনুসারে সাত লক্ষ ৫০ হাজার টাকার ঋণের ক্ষেত্রে সরকার ৭৫ শতাংশ ঋণের নিশ্চয়তা প্রদান করবে । শিক্ষার্থীরা মরেটরিয়াম অর্থাৎ দেনা স্থগিতের সময়ে দশলক্ষ টাকা পর্যন্ত ঋণের সুদের ক্ষেত্রে তিন শতাংশ রেহাই লাভ করবে । এই প্রকল্পের মাধ্যমে সাত লক্ষ শিক্ষার্থী উপকৃত হবে বলে আশা প্রকাশ করা হয়েছে । প্রকল্পটির সুবিধা গ্রহণের জন্য প্রধানমন্ত্রী বিদ্যালক্ষ্মী পোর্টালের মাধ্যমে আবেদন করা যাবে ।

---

ধলাই (সংরক্ষিত) আসন সহ রাজ্যের পাঁচটি বিধানসভা আসনে অনুষ্ঠেয় উপ-নির্বাচনের আর মাত্র সাতদিন বাকি থাকা অবস্থায় বিভিন্ন রাজনৈতিক দল ও নির্দল প্রার্থীরা ব্যাপক প্রচার অভিযান অব্যাহত রয়েছে । সবাই নিজেদের প্রার্থীদের সমর্থনে ব্যাপক প্রচার অব্যাহত রেখেছে । আসামের মুখ্যমন্ত্রী ও প্রবীণ বিজেপি নেতা ডঃ হিমন্তবিশ্ব শর্মা গতকাল সিডলী বিধানসভা আসনে বিজেপি মিত্রজোটের প্রার্থী নির্মল কুমার ব্রহ্মের হয়ে নির্বাচনী প্রচার চালান ।এদিকে ধলাই আসনে অবতীর্ণ প্রার্থীদের মধ্যে কংগ্রেস, বিজেপি, এস ইউ সি আই(কম্যুনিস্ট) এই তিনটি রাজনৈতিক দল ও পাঁচজন নির্দল প্রার্থী নিজ নিজ সমর্থনে এই কেন্দ্রের বিভিন্ন স্থানে জোর প্রচার শুরু করেছেন । বিশেষ করে বিজেপি ও কংগ্রেস প্রার্থীরা তাদের সমর্থনে স্থানে স্থানে নির্বাচনী জনসভা, র‍্যালি, মাইকিং ইত্যাদির মাধ্যমে ভোটদাতাদের নিজেদের পক্ষে আকর্ষিত করার প্রয়াস করছেন ।

এদিকে ধলাই বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে এস ইউ সি আই (কম্যুনিস্ট) দলের মনোনীত প্রার্থী গৌর চন্দ্র দাসের সমর্থনে ভাগাবাজারের ইলিয়াস আলী এল পি স্কুলের পাশে গতকাল এক নির্বাচনী জনসভা অনুষ্ঠিত হয়েছে । দলের কাছাড় জেলা কমিটির সভাপতি শ্যামদেও কুর্মির পৌরহিত্যে অনুসঠিত এই সভায় দলের কর্মী আফসর আশু চৌধুরী, প্রার্থী গৌর চন্দ্র দাস, দলের কেন্দ্রীয় কমিটির সদস্য ও রাজ্য সম্পাদক চন্দ্রলেখা দাস প্রমুখ দলীয় প্রার্থীর সমর্থনে বক্তব্য রাখেন ।অন্যদিকে কাছাড়ের জেলা নির্বাচনী কার্যালয়ের পক্ষ থেকে ধলাই বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনকে কেন্দ্র করে অবাধ ভোটদান এবং ভোটারদের ব্যাপকভাবে ভোটদানে অংশগ্রহণে উৎসাহিত করতে  আগামীকাল ধলাইয়ের বি এন এম পি এইচ এস স্কুলের খেলার মাঠে এক সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । সিস্টেমেটিক ভোটার্স এডুকেশন ও ইলেক্টোরাল পার্টিসিপেশন (এস ভি ই ই পি) শীর্ষক এই অনুষ্ঠানটি আগামীকাল বিকেল পাঁচটায় অনুষ্ঠিত হবে । এতে স্কুলের সব শিক্ষক-শিক্ষিকা ও ছাত্রছাত্রীদের উপস্থিত থাকতে স্কুল কর্তৃপক্ষের প্রতি অনুরোধ জানিয়েছেন নির্বাচন আধিকারিক মাসি টপনো । উল্লেখ্য- আগামী ১৩ই নভেম্বর ধলাই বিধানসভা আসনের উপ-নির্বাচন হবে । ভোটারদের বেশি সংখ্যায় অংশগ্রহণ নিশ্চিত করার উদ্দেশ্যে আয়োজিত এই অনুষ্ঠানে আকাশ প্রদীপ, বেলুন ইত্যাদি ওড়ানো সহ অন্যান্য কার্যসূচী গ্রহণ করা হয়েছে ।

নীতি আয়োগ জল ব্যবস্থাপনা, জল সংরক্ষণ ও জলের বহনক্ষমতা সম্পর্কে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে আজ ১৫ দিনের জল উৎসব আরম্ভ করেছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গত বছরের ডিসেম্বর মাসে অনুষ্ঠিত মুখ্য সচিবদের তৃতীয় সম্মেলনে নদী উৎসবের মতো জল উৎসব উদযাপনের জন্যে দেওয়া প্রস্তাব অনুসারে এই কার্যসূচীর আয়োজন করা হয়েছে । নীতি আয়োগ জানিয়েছে যে- দেশের কুড়িটি উচ্চাকাঙ্খী জেলা এবং বিভিন্ন উন্নয়ন খন্ডে আজ থেকে আগামী ২৪শে নভেম্বর পর্যন্ত জাতীয় জল জীবন মিশন, পানীয় জল এবং অনাময় বিভাগ ও জলশক্তি মন্ত্রণালয়ের সহযোগিতায় এই অভিযানের আয়োজন করা হয়েছে ।

---

চারদিন ব্যাপী আয়োজিত ছট পূজোর আজ তৃতীয়দিনে অস্তগামী সূর্যকে প্রথম অর্ঘ্য নিবেদন করা হবে । এরপর আগামীকাল উদীয়মান সূর্য্যকে অর্ঘ্য নিবেদনের পর এই ব্রতের সমাপ্তি হবে ।ছটপূজোর গতকাল দ্বিতীয় দিনে পালিত হয়েছে খারনা ।এবং এর সঙ্গেই ৩৬ ঘন্টার নির্জলা উপবাস ও শুরু হয়েছে ।

বরাক উপত্যকার চা বাগান অঞ্চল সহ তিন জেলার হিন্দিভাষাভাষী জনসাধারণের মধ্যে ছট পূজাকে কেন্দ্র করে ব্যাপক উৎসাহ পরিলক্ষিত হচ্ছে । শিলকুড়ি বরমবাবা মন্দির প্রাঙ্গণে ছটপূজো উপলক্ষে বিশেষ মণ্ডপ বানিয়ে পূজোর আয়োজন করা হয়েছে । জেলা প্রশাসনগুলোর পক্ষ থেকেও এই উৎসব সুষ্ঠুভাবে সম্পন্ন করতে বেশ কিছু ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।জেলার নদী ঘাটগুলোতে পর্যাপ্ত আলো , নিরাপত্তা ব্যবস্থা ইত্যাদি গ্রহণ করা হয়েছে ।

কাছাড়ের অতিরিক্ত জেলা নির্বাচন আধিকারীক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে ২০২৫ সালের পয়লা জানুয়ারীকে ভিত্তি করে কাছাড় জেলায় প্রকাশিত ফটোযুক্ত ভোটার তালিকার বিশেষ সারসংক্ষেপ সংশোধনের জন্য ভোটারদের নাম অন্তর্ভুক্তি , মুছেফেলা , পরিবর্তন ও স্থানান্তরের জন্য বিশেষ শিবির স্থাপন করা হবে ।আগামী ৯ ও ১০ নভেম্বর এবং ১৬ ও ১৭ নভেম্বর জেলার প্রতিটি ভোটকেন্দ্র সহ লক্ষীপুরের পয়লাপুল বাজার , উধারবন্দ বাজার , বরখলার ডলু বাজার , কাটিগড়ার চেরাগি বাজার ,শিলচর গোলদিঘী মল এবং সোনাই বাজারে বিশেষ শিবির স্থাপন করা হবে ।

অনুরূপভাবে হাইলাকান্দি জেলার ভোটার তালিকা সংশোধনের জন্য ভোটকেন্দ্রগুলোতে সচেতনতা শিবিরের আয়োজন করা হয়েছে ।আগামী ৯ ও ১০ নভেম্বর এবং ১৬ ও ১৭ ই নভেম্বর ভোটকেন্দ্রগুলোর বি এল ও রা তাদের নিজ নিজ ভোটকেন্দ্রে উপস্থিত থেকে ভোটারতালিকায় নাম অন্তর্ভুক্ত করা , নাম মুছে ফেলা , সংশোধনী , স্থান পরিবর্তন ইত্যাদি কাজে ভোটারদের সহায়তা করবেন । খসড়া ভোটার তালিকায় দাবি ও আপত্তি আগামী ২৮ শে নভেম্বর পর্যন্ত দাখিল করা যাবে ।